# সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১

গোটাটিকর, কদমতলি, সিলেট

ISO 9001:2015 Certified

কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহে আদর্শ দরপত্র দলিল
অনুরোধজ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ) [অভ্যন্তরীণ ক্রয়]

## ডাবল কেবিন পিক-আপ গাড়ীর টায়ার টিউব সরবরাহ সংক্রান্ত।

| | |
|---|---|
| দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের স্মারক নং | : ২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩. ২৭০৯ |
| তারিখ | : ২৯.০৮.২০২৩ খ্রিঃ |
| দরপত্রের প্যাকেজ নং | : GR-23-24.037-01 |
| সাব-প্যাকেজ নং | : GR-23-24.037-01-001 |

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
SYLHET PALLI BIDYUT SAMITY-1
গোটাটিকর, কদমতলী, সিলেট।
টেলিফোনঃ ০৮২১ ৮৪০০৩১, ওয়েব সাইট: pbs1.sylhet.gov.bd, ইমেইলঃ syl_pbs1@yahoo.com

স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩. ২৭০৯ তারিখঃ ১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ।
২৯ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাবল কেবিন পিকআপ গাড়ীর টায়ার টিউব সরবরাহের জন্য অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি।

প্রতি,

...........

০১। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ আছে। উক্ত তহবিলের আওতায় পবিসের **"সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ ডাবল কেবিন পিক-আপ গাড়ীর নতুন টায়ার টিউব সরবরাহকরণ"** এর জন্য সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ টায়ার টিউব প্রস্তুতকারী, উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর **"সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ ডাবল কেবিন পিক-আপ গাড়ীর নতুন টায়ার টিউব সরবরাহকরণ"** করতে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল পবিসের ওয়েব সাইট pbs1.sylhet.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ করে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যাতিত অন্যকোন কোটেশন বা দরপত্র ফরম গ্রহণযোগ্য নয়। এছাড়া আবেদনের মাধ্যমে সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি -১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

০৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ০৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ (১) সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১, গোটাটিকর, কদমতলি, সিলেট (২) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর ৯ম তলা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল/ জমা প্রদান করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত কোটেশন খাম সরাসরি আগামী **০৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ টা** বা এর পূর্বে ৪নং অনুচ্ছেদে বর্ণিত স্থানে দাখিল করতে হবে। কোটেশনের খামে **"সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ ডাবল কেবিন পিক-আপ গাড়ীর নতুন টায়ার টিউব সরবরাহকরণ"** এর জন্য কোটেশন এবং **আগামী ০৭/০৯/২০২৩ খ্রিঃ ১২:০৫ টার** আগে খোলা যাবে না লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। উপরে উল্লেখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা নির্ধারিত স্থানে প্রাপ্ত কোটেশনসমূহ/দরপত্র সমূহ আগামী ০৭/০৯/২০২৩ খ্রিঃ **১২:০৫ টায়** ক্রয়কারীর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উপস্থিত দাখিলকারীর সম্মুখে (যদি কেহ থাকেন) উম্মুক্ত/খোলা হবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

E:\Monuwara\tender\RFQ .docx

০৯। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, আবগারি শুল্ক, ভ্যাট, ট্যাক্স ও উৎসকর এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১০। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১১। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১২। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৩। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৪। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **১০ (দশ)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৫। নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যসম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য উদ্ধৃত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ বিলম্ব জরিমানা দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে। তবে জরিমানার পরিমাণ কোনোভাবেই মোট চুক্তি মূল্যের ১০ (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। **"সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ ডাবল কেবিন পিক-আপ গাড়ীর নতুন টায়ার টিউব সরবরাহকরণ"** এর জন্য ক্রয়াদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর তা ক্রয়কারী প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধি বা কর্মকর্তা কর্তৃক গুণগত মান যাচাই করা হবে। মালামালের গুণগতমাণ ও নমুনা সঠিক না হলে তা গ্রহণ করা হবে না। এছাড়া ত্রুটিপূর্ণ মালামাল পাওয়া গেলে তা সরবরাহকারীকে নিজ দায়িত্বে পরিবর্তন করে দিতে হবে।

১৭। সন্তোষজনক মালামাল সরবরাহের পর হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে দাখিলকৃত বিল পরিশোধ করা হবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

29.08.23

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
জেনারেল ম্যানজোর

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)বিজ্ঞপ্তি টি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক, সিলেট।
০৩। পুলিশ সুপার, সিলেট।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
০৫। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার, ........................... পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, সিলেট।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, সিলেট।
০৮। ডিজিএম, গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/ওসমানীনগর/বিশ্বনাথ/সদর দপ্তর-কারি:/ফেঞ্চুগঞ্জ/জকিগঞ্জ জোনাল অফিস, সিপবিস-১।
০৯। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।
১০। এজিএম (অর্থ-হিসাব/সদস্য-সেবা/ইএন্ডসি/আইটি/প্রশাসন/মানব সম্পদ/ওএন্ডএম), সিলেট পবিস-১।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), সিলেট পবিস-১ (ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)।
১২। নোটিশ বোর্ড, সিলেট পবিস-১।

29.08.23

(মোঃ আক্তারুজ্জামান লস্কর)
জেনারেল ম্যানজোর

E:\Monuwara\tender\RFQ .docx.

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩.২৮০৯ ; তারিখঃ- ২৯ আগস্ট ২০২৩ খ্রিঃ/১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

প্রতি

জেনারেল ম্যানেজার
সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
গোটাটিকর, কদমতলি, সিলেট

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ ডাবল কেবিন পিক-আপ গাড়ীর নতুন টায়ার টিউব"** সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য ......................., কথায়...................টাকা আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (খ)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **২৯ আগস্ট, ২০২৩ খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ

E:\Monuwara\tender\RFQ .docx

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩.২৯০৯ ; তারিখঃ- ২৯ আগস্ট ২০২৩ খ্রিঃ/১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

| ক্রঃ নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমাণ | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | প্রযোজ্য নয় | ডাবল কেবিন পিক-আপ গাড়ী নং: সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২ টায়ার ও টিউবের সাইজঃ- ২৬৫/৬৫ আর ১৭, ১১২ এস ব্রান্ডঃ-ডানলপ ( জাপান) | টি | ০৫ | | | | সদর দপ্তর সিলেট পবিস-১ গোটাটিকর, কদমতলি, সিলেট |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য** (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | [পণ্যের গন্তব্যস্থান লিখুন করুন] |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্যলিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে** [-----] টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোটেশনের বৈধতার তারিখ লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: দিন/মাস/বছর |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশনের স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩.২৭০৯ ; তারিখঃ- ২৯ আগস্ট ২০২৩ খ্রিঃ/১৪ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

| ক্রঃ নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী রং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৫ | ৬ |
| ০১ | প্রযোজ্য নয় | ডাবল কেবিন পিক-আপ গাড়ী নং: সিলেট মেট্রো-ঠ-১১-০০৩২<br>টায়ার ও টিউবের সাইজঃ- ২৬৫/৬৫ আর ১৭, ১১২ এস<br>ব্রান্ডঃ-ডানলপ ( জাপান) | প্রযোজ্য নয় | | সকল কাজে পবিসের নির্দেশনা অনুসরণ করতে হবে। |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

টীকা: ১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

E:\Monuwara\tender\RFQ .docx

[ক্রেতার নাম ও ঠিকানা এখানে যুক্ত করুণ]

# পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

ক্রয় আদেশ নম্বর__________ তারিখ: দিন/মাস/বছর

| | |
|---|---|
| কোটেশনের স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০১.০৩৮.২৩. ২৯০৯ ; | তারিখঃ ২৯ আগস্ট ২০২৩ খ্রিঃ |
| প্রতি:<br><br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| **সরবরাহের** তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| **সরবরাহ** : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [**তারিখ উল্লেখ করুন**] তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>(মোঃ আক্তারুজ্জামান লস্কর)<br>জেনারেল ম্যানেজার |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে------------------------] [কথায়ঃ-------------------------------------- ]**।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০১ (এক) বছর ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

E:\Monuwara\tender\RFQ .docx

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ <u>(পূর্ণাঙ্গ বিবরণ)</u> অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| ক্রেতার জন্য | সরবরাহকারীর জন্য |
|---|---|
| (মোঃ আক্তারুজ্জামান লস্কর)<br>জেনারেল ম্যানেজার | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |